

ভার্সিটি নয় ইউনিভার্সিটি

বিতর্ক প্রসঙ্গে

ভার্সিটি ও ইউনিভার্সিটি শব্দ দুইটি নিয়া দৈনিক ইত্তেফাকের চিঠিপত্র কলামে ৯/১০/৯৯ এবং ১৪/১০/৯৯ তারিখে দুইটি পত্র ছাপা হইয়াছে। উক্ত বিতর্ক নিরসনের উদ্দেশ্যে আমি Oxford Advanced Learner's Dictionary এবং Collins Large Print English Dictionary সহ কতিপয় অভিধানের সাহায্য নিয়াছি।

Oxford-এ লেখা রহিয়াছেঃ Varsity 1. (Dated British informal) (not used in names) a University, especially Oxford or Cambridge : a varsity match. 2. (US) a term representing a university, college or school, especially in sports competitions : a varsity football game. Collins-এ লেখা রহিয়াছেঃ

Varsity-(contracted and altered) (colloquial)- University. Bangla Accademy '98 ও ভারতীয় Samsad-এ বলা হইয়াছে; Varsity-University-এর কথ্য ও সংক্ষিপ্ত রূপ। উল্লিখিত চারটি অভিধানের আলোকে ইহাই প্রতীয়মান হয় যে, 'Varsity' শব্দটি এক সময় শুধু Oxford ও Cambridge University-এর ক্ষেত্রে ব্যবহৃত হইত। পরে বিশ্বের অন্যান্য দেশের বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকগণও নিজ নিজ বিশ্ববিদ্যালয়কে Varsity বলিয়া সম্বোধন করিতে শুরু করেন। কারণ ইহাতে নিজ বিশ্ববিদ্যালয়ের একটি আপেক্ষিক উচ্চ মর্যাদা প্রকাশিত হইত। আজ বৃটেনে শব্দটি শুধু 'বিশ্ববিদ্যালয়' নামক অর্থে কম ব্যবহৃত হইলেও অন্যান্য দেশে আগের মত প্রচলিত রহিয়া গিয়াছে। যেহেতু বিষয়টি নিম্নমত পার্থক্য দেখা দিয়াছে, সেহেতু আমার অভিমত হইল, 'Varsity' শব্দ ব্যবহারে প্রতিমধুর ও দৃষ্টিকটুর প্রশ্ন না তুলিয়া শব্দটির বর্তমান প্রায়োগিক দিকের প্রতি নজর দেওয়া উচিত। শব্দটি বর্তমানে বৃটেনে University নামে খুব বেশী ব্যবহৃত না হইলেও (dated) কথ্য ভাষায় (colloquial)- ইহা ব্যবহারের যথেষ্ট জনপ্রিয়তা রহিয়াছে। ফলে আমাদের পত্র-পত্রিকার হেড লাইনে সংক্ষিপ্তভাবে এবং মৌখিক ভাষায় শব্দটির ব্যবহারে কোন যুক্তি সংগত প্রতিবন্ধকতা নাই। তবে বিশ্ববিদ্যালয় বিষয়ক যৌগিত শব্দ (compound word) গঠনে Varsity শব্দের ব্যবহার বৃটেন ও আমেরিকার ফরমাল ও ইনফরমাল উভয় ইংরেজীতেই রহিয়াছে। যেমন : A Varsity Match, A Varsity student, A Varsity Football Tournament প্রভৃতি।

হুমায়ুন কবির হৃদয়,
ইংরেজী বিভাগ,
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা